

## সংবাদ বিবৃতি

### চতুর্থ পর্বের ইউপিআরে সরকারের চূড়ান্ত অবস্থান প্রকাশ

শিশু অধিকার সংক্রান্ত ইউপিআর সুপারিশসমূহ বাস্তবায়নে কার্যকর কর্ম পরিকল্পনা গ্রহণে বাংলাদেশ সরকারের প্রতি চাইল্ড রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ এর আহবান

চতুর্থ পর্বের ইউনিভার্সাল পিরিয়ডিক রিভিউ (ইউপিআর) এর আওতায় বাংলাদেশ সরকার শিশু অধিকার নিশ্চিত করার উদ্দেশ্যে বেশ কিছু ইতিবাচক উদ্যোগ গ্রহণে অঙ্গীকারাবদ্ধ হলেও, দেশের শিশুদের অধিকার পূর্ণরূপে বাস্তবায়নে প্রয়োজনীয় উল্লেখযোগ্য কিছু সুপারিশ নোটেড রেখেছে বা আপাত সমর্থন করেনি। এই সুপারিশ সমূহ সম্পর্কে সরকারের চূড়ান্ত মতামত অর্থাৎ সরকার এ সুপারিশসমূহের মধ্যে কোনগুলো গ্রহণ আর কোনগুলো নোটেড বা আপাত সমর্থন করছে না তা উল্লেখ করে সরকারের অবস্থান সংক্রান্ত ইউপিআর আউটকাম ডকুমেন্ট গৃহীত হয়েছে ২৫ মার্চ ২০২৪ জাতিসংঘের মানবাধিকার পরিষদের চলমান অধিবেশনে। চাইল্ড রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ, শিশু অধিকার সংক্রান্ত গৃহীত ইউপিআর সুপারিশসমূহ বাস্তবায়নে কার্যকর কর্ম পরিকল্পনা গ্রহণে; এবং, যে সকল নোটেড সুপারিশ শিশুদের অধিকার রক্ষায় অত্যন্ত প্রাসঙ্গিক সেগুলো বিবেচনায় নিয়ে আগামীতে সমর্থনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে বাংলাদেশ সরকারের প্রতি আহবান জানাচ্ছে।

গত ১৩ নভেম্বর ২০২৩, চতুর্থ পর্বের ইউনিভার্সাল পিরিয়ডিক রিভিউ (ইউপিআর) এর আওতায় জাতিসংঘের মানবাধিকার পরিষদ বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি পর্যালোচনা করে। এ পর্যালোচনা থেকে প্রাপ্ত ৩০১ টি সুপারিশের মধ্যে চূড়ান্ত মতামত প্রদানের সময় বাংলাদেশ সরকার ২১১ টি সুপারিশ গ্রহণ করেছে, যা মূলত জেন্ডারভিত্তিক সহিংসতা, বাল্যবিবাহ ও প্রতিবন্ধী সংক্রান্ত জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়ন জোরদার করা; শিশুশ্রম নিরসন; শারীরিক শাস্তি বিলোপ করার জন্য আইন প্রণয়ন; বাল্যবিবাহ প্রতিরোধ কমিটিসমূহ কার্যকর করা এবং তাদের কার্যাবলী তদারকির জন্য একটি পর্যবেক্ষণ ব্যবস্থা প্রতিষ্ঠা করা; শিক্ষায় সবার সমান অভিজ্ঞতা এবং গুণগত মান নিশ্চিত করা সম্পর্কিত। বিশেষ করে এসব সুপারিশ বাস্তবায়নে সম্পদ বরাদ্দকরণে অঙ্গীকার প্রদান করায় কোয়ালিশন সরকারকে সাধুবাদ জানাচ্ছে। তবে সরকারের পক্ষ থেকে ৯০ টি সুপারিশ নোটেড বা আপাত সমর্থন করা হয়নি, যার মধ্যে উল্লেখযোগ্য হল- সুপারিশগুলো বাস্তবায়ন, প্রতিবেদন প্রদান এবং ফলো-আপের জন্য একটি স্থায়ী জাতীয় ব্যবস্থা প্রতিষ্ঠা করা, যৌন ও প্রজনন স্বাস্থ্যসংক্রান্ত শিক্ষামূলক কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন; পরিত্যক্ত শিশুদের অধিকার সংক্রান্ত আইনের খসড়া প্রণয়নকে ত্বরান্বিত করা; শিশুশ্রমের সংজ্ঞায় বিদ্যমান অসঙ্গতিগুলি হ্রাস করার লক্ষ্যে আইনী সংস্কারের উদ্যোগ গ্রহণ করা; বাল্যবিবাহ নিরোধ আইনের "বিশেষ বিধান" সংশোধন করা ইত্যাদি। কোয়ালিশন, শিশু অধিকার সংক্রান্ত নোটেড সুপারিশসমূহ শিশুদের অধিকার রক্ষায় অত্যন্ত প্রাসঙ্গিক ও এসব ক্ষেত্রে পদক্ষেপ গ্রহণ জরুরি বিধায় সরকারকে এগুলো সমর্থন করা ও বাস্তবায়নের জন্য কাজ চালিয়ে যাবার আহবান জানাচ্ছে।

চাইল্ডস রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ, চতুর্থ পর্বের ইউপিআরে প্রাপ্ত শিশু অধিকার সংক্রান্ত সুপারিশসমূহ পূর্ণ ও যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ সরকারকে একটি পূর্ণাঙ্গ, পরিমাপযোগ্য এবং সময়সীমাবদ্ধ কর্মপরিকল্পনা তৈরি করার আহবান জানাচ্ছে। একইসাথে এ প্রক্রিয়ায় নাগরিক সংগঠন, বিশেষজ্ঞ ও শিশুদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করার জোর দাবি জানাচ্ছে।